

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

বিষয়টি অতিব জরুরী

স্মারক নং- ৪১.০১.৬১৫২.০০.১৬.০১৮.১২.৩৪৮

তারিখ:- ০৯ কার্তিক ১৪৩০
২৫ অক্টোবর ২০২৩

বিষয়: সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় পরিচালিত লাইভ ভেরিফিকেশন এ অনুপস্থিত ও মৃত ভাতাভোগীদের প্রতিস্থাপন ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, উপজেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ সদর, ময়মনসিংহের সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় আপনার ইউনিয়নের বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা ও অসচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। উক্ত ভেরিফিকেশন কার্যক্রমে যে সকল উপকারভোগী উপস্থিত হতে পারেননি তাদের উপস্থিতি নিশ্চিতকরণ এবং মৃত উপকারভোগীর প্রতিস্থাপনজনিত সকল কার্যক্রম আগামী ২৩ নভেম্বর ২০২৩ খ্রি: তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য আপনাকে/ আপনাদেরকে বিশেষভাবে অনুরোধ করা হলো। অন্যথায় লাইভ ভেরিফিকেশনে অনুপস্থিত/মৃত ব্যক্তিদের পেরোল স্থগিত রেখে ২০২৩-২৪ অর্থবছরের ২য় কিস্তির পেরোল প্রদানের নির্দেশনা রয়েছে। এমতাবস্থায় আপনার ইউনিয়নের উপকারভোগীদের শতভাগ পেরোল প্রদানে আপনার সহযোগিতা একান্তভাবে কাম্য।



২৫-১০-২০২৩

(মাকসুদা খাতুন)

উপজেলা সমাজসেবা অফিসার
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ (সকল), ময়মনসিংহ
সদর, ময়মনসিংহ।

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ১। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।
- ২। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
- ৫। সংশ্লিষ্ট নথি।